**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করেছেন যে প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ক্যানাবিসের নতুন ডিসপেনসারিগুলো বছর শেষের আগে চালু হবে

***12টি কৃষ্ণাঙ্গ-মালিকানাধীন সহ 2023 সালে প্রায় 40টি প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি চালু হবে***

***দেশে, 0.2 শতাংশেরও কম ডিসপেনসারি কৃষ্ণাঙ্গ সংখ্যাগরিষ্ঠ মালিকানাধীন কিন্তু নিউ ইয়র্ক স্টেটে, প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারিগুলোর 20 শতাংশেরও বেশি কৃষ্ণাঙ্গ সংখ্যাগরিষ্ঠ মালিকানাধীন***

***ব্রুকলিন, সোহো, আপার ইস্ট সাইড, ওয়েস্টচেস্টার, রচেস্টার, ট্রয়, আমস্টারডাম তাদের প্রথম প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারিকে স্বাগত জানায়***

গভর্নর ক্যাথি হোকল আজ ব্রুকলিন থেকে বাফেলো পর্যন্ত এক ডজন নতুন প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি চালুর ঘোষণা দিয়েছেন কারণ স্টেট আইন প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ক্যানাবিস মার্কেটকে সম্প্রসারিত করে চলেছে এবং নতুন অপারেটরদের স্বাগত জানিয়েছে। ডিসেম্বরের শেষ নাগাদ, নিউ ইয়র্ক স্টেট বর্তমানে ব্যবসা পরিচালনার জন্য কমপক্ষে 37টি প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি চালুর প্রত্যাশা ব্যক্ত করছে। প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য এইসব বৈধ ডিসপেনসারিতে, নিউ ইয়র্কবাসীগণ এখানেই এম্পায়ার স্টেটে, স্টেটের যথাযথ নিরাপত্তাজনিত মানদণ্ড মেনে উৎপাদিত, জন্মানো এবং পরীক্ষিত ক্যানাবিস পণ্যগুলোতে নিরাপদে অ্যাক্সেস করতে সক্ষম হবে।

"যেহেতু নিউ ইয়র্ক দেশের সবচেয়ে বৈধ ক্যানাবিসের বাজারকে সম্প্রসারিত করছে তাই আমার প্রশাসন সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি নিরাপদ ইন্ডাস্ট্রি গড়ে তোলার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ যা আমাদের ক্ষুদ্র ব্যবসা সম্প্রদায়কে ত্বরান্বিত করবে," **গভর্নর হোকল বলেন।** "নতুন এই ডিসপেনসারিগুলো বৈধ বাজারকে শক্তিশালী করার আমাদের যে মিশন তা চালিয়ে যাচ্ছে এবং পাশাপাশি আমাদের আইন ভঙ্গকারী ও আমরা যা বাস্তবায়নের চেষ্টা করছি তাতে বাধাদানকারীদের বয়কট করতে সাহায্য করছে।"

এই ডিসপেনসারিগুলোর মধ্যে, আটটি কৃষ্ণাঙ্গ সংখ্যাগরিষ্ঠ মালিকানাধীন, পাঁচটি হিস্প্যানিক-মালিকানাধীন এবং নয়টি মহিলা-মালিকানাধীন যা একটি প্রতিনিধিত্ব এবং অন্তর্ভুক্তিমূলক

ক্যানাবিস মার্কেট গড়ে তোলার জন্য নিউ ইয়র্কের প্রতিশ্রুতি তুলে ধরে। ইন্ডাস্ট্রি ভিত্তিক সাম্প্রতিক গবেষণা অনুসারে, সারা দেশে 10,000টি চিকিৎসা এবং প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ক্যানাবিসের খুচরা দোকানের মধ্যে 20টিরও কম কৃষ্ণাঙ্গ-মালিকানাধীন। মানে হলো জাতীয় সমস্ত ডিসপেনসারিগুলোর 0.2 শতাংশেরও কম কৃষ্ণাঙ্গ-মালিকানাধীন যেখানে নিউ ইয়র্কে 20 শতাংশেরও বেশি প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারিগুলোর বেশিরভাগ কৃষ্ণাঙ্গ-মালিকানাধীন।

এম্পায়ার স্টেটের রোলআউটকে ধীর করে দেওয়ার দুইটি ভিন্ন আদালতের আদেশের পরও নিউ ইয়র্ক স্টেট এটি বাস্তবায়ন করেছে। ক্যানাবিস সোশ্যাল ইক্যুইটি প্রোগ্রামগুলোর ব্যাপারে আইনি জটিলতার সম্মুখীন হওয়ার ক্ষেত্রে নিউ ইয়র্ক একা নয় তবে এই জটিলতাগুলো সত্ত্বেও নিউ ইয়র্কের উদ্যোক্তাগণ চেষ্টা চালিয়ে গেছেন, বাধাগুলো অতিক্রম করেছেন এবং এই ইন্ডাস্ট্রিতে ইক্যুইটির সুবিধাগুলো প্রদর্শন করছেন।

**নিউ ইয়র্ক স্টেট অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর ক্রিস আলেকজান্ডার বলেন,** "এটি নিউ ইয়র্কের ক্যানাবিস জগতের জন্য একটি ব্যস্ত এবং রোমাঞ্চকর মাস হতে চলেছে কারণ এক ডজনেরও বেশি লাইসেন্সধারী অবশেষে ব্যবসার জন্য তাদের দিগন্ত উন্মোচনের সুযোগ পাবেন। এই দোকানগুলো চালু হলো শুধু এমনটি না ভেবে বরং এগুলোর সুবিধা কারা গ্রহণ করছে তা উপভোগ করাটাই মানসিক তৃপ্তি। বছর শেষ হওয়ার আগে, আমাদের 12টি কৃষ্ণাঙ্গ-মালিকানাধীন ডিসপেনসারি চালু থাকবে এবং 5টি হিস্প্যানিক-মালিকানাধীন ডিসপেনসারি থাকবে। জাতীয় ল্যান্ডস্কেপ বিবেচনা করে, ক্যানাবিস ব্যবসায় যেখানে কৃষ্ণাঙ্গ এবং বাদামী বর্ণের মালিকানা অত্যন্ত বিরল সেখানে এই সাফল্য অর্জনের জন্য আমি অত্যন্তভাবে গর্বিত। এটি শুধুমাত্র কোনো পরিসংখ্যান নয় বরং এটি আরো যুক্তিযুক্ত এবং অন্তর্ভুক্তিমূলক ক্যানাবিস ইন্ডাস্ট্রি প্রতিষ্ঠায় আমাদের নিবেদনের একটি সুস্পষ্ট ইঙ্গিত।"

**নিউ ইয়র্ক স্টেট ক্যানাবিস কন্ট্রোল বোর্ডের সভাপতি ট্রেমেইন রাইট বলেন,** "এই মাসেই ডিসপেনসারি খোলাটা একটি বৈধ ইন্ডাস্ট্রি গড়ে তোলার জন্য আমাদের প্রতিশ্রুতিকে ধারন করে। ডিসপেনসারি মালিকদের সবচেয়ে বৈচিত্র্যময় পুলের আবাসস্থল হলো নিউ ইয়র্ক স্টেট। আমরা আমাদের সকল নতুন মালিককে অভিনন্দন জানাই এবং একটি অন্তর্ভুক্তি ও উদ্ভাবনীমূলক ক্যানাবিস মার্কেট প্রতিষ্ঠায় আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য উন্মুখ হয়ে আছি।"

মে মাসে, গভর্নর হোকল লাইসেন্স ছাড়াই ক্যানাবিস বিক্রি করা স্টোরফ্রন্টগুলোকে কমানোর উদ্দেশ্যে আইন পাস করেছিলেন। জুন মাস থেকে, অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট (Office of Cannabis Management) এবং ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফিন্যান্স (Department of Taxation and Finance) এনফোর্সমেন্ট অফিসারগণ দোকানগুলো পরিদর্শন করছে, পণ্যগুলো জব্দ করার পাশাপাশি লাইসেন্সবিহীন দোকানগুলোতে সিলগালা করছে। সর্বমোট 350টি স্থানে যৌথ অভিযান পরিচালনা করা হয়েছে, যার মধ্যে 88টি স্থানে পুনঃপরিচালনা করা হয়েছে, 54 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি মূল্যের 11,000 পাউন্ডের বেশি জব্দ করা অবৈধ ক্যানাবিস পাওয়া গেছে। OCM এবং DTF তদন্তকারীগণ স্টেট জুড়ে প্রতি সপ্তাহে এ কার্যক্রম চালিয়ে যাবেন।

নিচে এমন অবস্থানগুলোর একটি তালিকা রয়েছে যারা সম্প্রতি তাদের ব্যবসা চালু করেছে অথবা আগামী কয়েক সপ্তাহের মধ্যে ব্যবসা চালুর জন্য সিদ্ধান্ত নিয়েছে। মাথায় রাখুন যে এগুলো স্বতন্ত্র ব্যবসা যারা নিজস্বভাবে চালুর তারিখ নির্ধারণ করছে তবে নিচে তালিকাভুক্ত যেকোনো তারিখ পরিবর্তন হতে পারে।

**<u>সাম্প্রতিক ও আসন্ন চালু:</u>**

## নিউ ইয়র্ক সিটি:

ব্রঙ্কস:

- হুশ (Hush) – 2460 Williamsbridge Rd Fl 1, Bronx 10469, (বৃহস্পতিবার, 14 ডিসেম্বর, 2023 তারিখে চালু হয়েছে)

ব্রুকলিন:

- গ্রো টুগেদার (Grow Together) – 2370 Coney Island Ave., Brooklyn 11223, (মঙ্গলবার, 19 ডিসেম্বর, 2023 তারিখে চালু হচ্ছে), ব্রুকলিনে কৃষ্ণাঙ্গ-মালিকানাধীন প্রথম প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি

ম্যানহাটন:

- ড্যাগমার ক্যানাবিস (Dagmar Cannabis) – 412 W Broadway, NY 10012, (শুক্রবার, 15 ডিসেম্বর, 2023 তারিখে চালু হচ্ছে), সোহোতে মহিলা-মালিকানাধীন প্রথম প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি
- THC হার্বাল কেয়ার (THC Herbal Care) – 1412 Lexington Ave., New York 10128, (4 জানুয়ারি, 2024 তারিখে অস্থায়ী উদ্বোধন), আপার ইস্ট সাইডে প্রথম প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি

## নর্থ কান্ট্রি:

- দ্য হাইয়েস্ট পেক (The Highest Peak) – Village of Potsdam, 5 Market St., Potsdam 13676, (বৃহস্পতিবার, 7 ডিসেম্বর, 2023 তারিখে চালু হয়েছে), পটস্টড্যামে মহিলা-মালিকানাধীন প্রথম প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি
- দ্য ফায়ারহাউস (The Firehaus) – 7479 US Highway 11, Potsdam 13676, (বুধবার, 13 ডিসেম্বর, 2023 তারিখে চালু হয়েছে)

## ক্যাপিটাল রিজিয়ন:

- 420 ব্লিস (420 Bliss) – 740 Market St., Potsdam 12180, (বৃহস্পতিবার, 7 ডিসেম্বর, 2023 তারিখে চালু হয়েছে), ব্রান্সউইক কৃষ্ণাঙ্গ-মালিকানাধীন প্রথম প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি
- ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ওয়েলনেস (Capital District Wellness) – 997 Central Ave Suite 200, Albany 12205, (শুক্রবার, 8 ডিসেম্বর, 2023 তারিখে চালু হয়েছে)
- আমস্টারডাম ক্যানাবিস (Amsterdam Cannabis) – 1451 State Highway 5S, Amsterdam 12010, (শুক্রবার, 9 ডিসেম্বর, 2023 তারিখে চালু হয়েছে), আমস্টারডামে প্রথম প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি

**পশ্চিম নিউ ইয়র্ক:**

- প্রিমিয়ার আর্থ কর্প (Premier Earth Corp) – 1297 Hertel Ave, Buffalo 14216, (বুধবার, 13 ডিসেম্বর, 2023 তারিখে চালু হয়েছে)

**ফিঙ্গার লেকস:**

- MJ ডিসপেনসারি (MJ Dispensary) – 900 Jefferson Rd Ste 902, Rochester 14623, (মঙ্গলবার, 12 ডিসেম্বর, 2023 তারিখে চালু হয়েছে), রচেস্টারে প্রথম প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি

**মিড-হাডসন রিজিয়ন:**

- এলিভেট (Elevate) – 127 S Terrace Ave, Mt Vernon 10550, (সোমবার, 11 ডিসেম্বর, 2023 তারিখে চালু হয়েছে), ওয়েস্টচেস্টার কাউন্টি এবং মিড-হাডসন রিজিয়নে প্রথম প্রাপ্তবয়স্কদের-ব্যবহার্য ডিসপেনসারি

**লং আইল্যান্ড:**

- হ্যাপি ডেস (Happy Days) – 105 Route 109, Farmingdale 11735, (শনিবার, 23 ডিসেম্বর, 2023 তারিখে অস্থায়ী উদ্বোধন)

নিউ ইয়র্ক বৈধ ক্যানাবিস ডিসপেনসারি খোঁজার সহজ উপায় নিশ্চিত করে। শুধু অনলাইনে নিউ ইয়র্ক ক্যানাবিস ডিসপেনসারি লোকেশন ফাইন্ডার ব্যবহার করুন অথবা বৈধ ডিসপেনসারি উইন্ডোতে থাকা যাচাইকরণ স্টিকার টুলটি খুঁজে নিন। নিউ ইয়র্কবাসীগণ নিউ ইয়র্ক ক্যানাবিস ইনসিডেন্ট রিপোর্টিং পোর্টাল ব্যবহার করে তাদের কমিউনিটির অবৈধ দোকানের ব্যাপারে রিপোর্ট

করতে পারবেন। সোশ্যাল মিডিয়াতে @nys_cannabis ঠিকানায় অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্টকে ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন